

বুনো হাঁস লীলা মজুমদার

১. ঠিক শব্দটি বেছে নিয়ে বাক্যটি আবার লেখ :

১.১. আকাশের দিকে তাকালে তুমি দেখো _____ (ঘর-বাড়ি/ গাছপালা/ পোকা-মাকড়/ মেঘ-রোদ্ধুর)

উত্তর :- মেঘ-রোদ্ধুর

১.২. হিমালয় ছাড়া ভারতের আরো একটি পর্বতের নাম হল _____ (কিলিমাঞ্জারো/আরাবল্লী/আন্দিজ/ রংকি)

উত্তর- আরাবল্লী

১.৩. এক রকমের হাঁসের নাম হল _____ (সোনা/কুনো/কালি/ বালি) হাঁস।

উত্তরঃ বালি হাঁস।

১.৪. পাথির ডানার _____ (বেঁ বেঁ/ শন শন / শেঁ শেঁ/ গাক গাক) শব্দ শোনা যায়

উত্তর- শেঁ শেঁ

২ ‘ক’ এর সঙ্গে ‘খ’ স্ফুরণ মিলিয়ে লেখো।

ক স্ফুরণ	খ স্ফুরণ
বরফ	হিমানি
বুনো	বন্য
কুঁড়ি	কলি
চঞ্চল	অধীর
আরম্ভ	শুরু

৩) সঙ্গী এর মতো(ও+ গ= ঙ) রয়েছে এমন পাঁচটি শব্দ তৈরি করো।

উত্তরঃ রঙ্গ, দঙ্গল, গঙ্গা, পতঙ্গ, মঙ্গল

৪ ঘটনাক্রম সাজিয়ে লেখো

৪.১ দেশে ফিরে ওরা বাসা বাধবে, বাচ্চা তুলবে।

৪.২ হাঁসের ডানা জখম হল।

৪.৩ সারা শীত কেটে গেল।

৪.৪ বুনো হাঁস দক্ষিণ দিকে উড়ে যেত।

৪.৫ আরেকটা বুনো হাঁস নেমে এসে এটার চারিদিকে উড়তে থাকল।

সমাধানঃ

১) ৪.৪ বুনো হাঁস দক্ষিণ দিকে উড়ে যেত।

২) ৪.২ হাঁসের ডানা জখম হল।

৩) ৪.৫ আরেকটা বুনো হাঁস নেমে এসে এটার চারিদিকে উড়তে থাকল।

৪) ৪.৩ সারা শীত কেটে গেল।

৫) ৪.১ দেশে ফিরে ওরা বাসা বাধবে, বাচ্চা তুলবে।

৫ শৃণ্যস্থান পূরণ কর।

৫.১ **লাডাকের** একটা বরফে ঢাকা নিতজন জায়গাতে আমাদের **জোয়ানদের** একটা ঘাটি ছিল।

৫.২ জোয়ানদের **মুরগী** রাখার খালি জায়গা ছিল।

৫.৩ আন্তে আন্তে হাঁসের **ডানা** সারল।

৫.৪ দলে দলে **বুনো হাঁস** তীরের ফলার আকারে কেবলই উত্তর দিকে উড়ে চলেছে।

৫.৫ **ন্যাড়া** গাছে পাতা আর ফুলের কুঁড়ি ধরল।

৬ শব্দ ঝুঁড়ি থেকে নিয়ে বিশেষ্য ও বিশেষণ আলাদা করে লেখো।

উত্তর- বিশেষ্য – লাডাক, শীতকাল, বরফ, তাঁবু, সঙ্গী

বিশেষণ- বুনো, জখম, গরম, ন্যাড়া, নির্জন, বেচারী, চঞ্চল

৭ ক্রিয়ার নিচে দাগ দাও।

৭.১ বাড়ির জন্য ওদের মন কেমন **করত**।

৭.২ পাখিরা আবার **আসতে** আরম্ভ **করল**।

৭.৩ দেশে **ফিরে** ওরা বাসা **বাঁধবে**।

৭.৪ সেখানে বুনো হাসেরা **রইল**।

৭.৫ নিরাপদে তাদের শীত **কাটে**।

৮ বাক্য বাড়াও:

৮.১ একদিন একটা বুনো হাঁস দল ছেড়ে নেমে পড়ল। (কোথায় নেমে পড়ল)

উঁ: একদিন একটা বুনো হাঁস দল ছেড়ে নীচে একটা ঝোপের উপর নেমে পড়ল।

৮.২ ওরা গরম দেশে শীত কাটিয়ে আবার ফিরে যাচ্ছে। (কোথায় এবং কখন ফিরে যাচ্ছে)

উঁ: ওরা গরম দেশে শীত কাটিয়ে শীতের শেষে আবার নিজেদের দেশে ফিরে যাচ্ছে।

৮.৩ পাহাড়ের বরফ গলতে শুরু করল। (কোথাকার পাহাড়)

উঁ: লাডাক অঞ্চলের নীচের দিকের পাহাড়ের বরফ গলতে শুরু করল।

৮.৪ আবার ঝোপঝাপ দেখা গেল। (কেমন ঝোপঝাপ)

উঁ: আবার সবুজ ঝোপঝাপ দেখা গেল।

৮.৫ গাছে পাতার আর ফুলের কুঁড়ি ধরল। (কেমন গাছে)

উঁ: ন্যাড়া গাছে পাতার আর ফুলের কুঁড়ি ধরল।

৯ বাক্য রচনা কর

রেডিয়ো- আমি আর দাদু রেডিয়োতে মহালয়া শুনি।

চিঠিপত্র- পোস্টমাস্টার দীপুবাবু চিঠিপত্র নিয়ে সাইকেলে করে বিলি করতে বেরিয়েছেন।

থরথর- কুকুর ছানাটি ঠাণ্ডায় থরথর করে কাঁপছিল।

জোয়ান- জোয়ানরা সমস্ত বিপদ তুচ্ছ করে আমাদের দেশের সীমানা পাহারা দেয়।

তাঁবু- রঙিন তাঁবুতে সার্কাস বসেছে।

১১ নীচের প্রশ্নগুলির উত্তর নিজের ভাষায় লেখো

১১.১ জোয়ানদের ঘাঁটি কোথায় ছিল?

উঃ লাডাকের একটা বরফে ঢাকা নির্জন জায়গাতে জোয়ানদের ঘাঁটি ছিল।

১১.২ জোয়ানরা কী কাজ করে?

উঃ জোয়ানরা সমস্ত বিপদ তুচ্ছ করে আমাদের দেশের সীমান্ত পাহারা দেয় ও বাইরের শক্রের আক্রমনের হাত থেকে দেশকে রক্ষা করে।

১১.৩ দুটো বুনো হাঁস দলছুট হয়েছিল কেন?

উঃ শীতকালে গরম দেশে উড়ে যাওয়ার সময় একটা বুনো হাঁসের ডানা জখম হয়ে যাওয়ায় সে নিচে একটা ঝোপের ধারে নেমে পড়েছিল। তখন তার সঙ্গী আর একটি বুনো হাঁস ও তার পিছনে পিছনে নেমে পড়ে। এইভাবে দুটো বুনো হাঁস দলছুট হয়ে যায়।

১১.৪ বুনো হাঁসেরা জোয়ানদের তাঁবুতে কি খেত?

উঃ বুনো হাঁসেরা জোয়ানদের তাঁবুতে টিনের কৌটোর মাছ, তরকারি, ভুট্টা, ভাত, ফলের কুচি এইসব খেত।

১১.৫ হাঁসেরা আবার কোথায় কখন ফিরে গেল?

উঃ হাঁসেরা শীতের শেষে আবার নিজেদের দেশে ফিরে গেল।

১১.৬ 'এমনি করে সারা শীত দেখতে দেখতে কেটে গেল'- কেমন করে সারা শীত কেটে গেল? এরপর কি ঘটনা ঘটল?

উঃ একটি ডানা জখম হওয়া বুনো হাঁস ও তার সঙ্গীকে জোয়ানরা তাদের তাবুতে আশ্রয় দিয়েছিল, তাদের টিনের কৌটোর মাছ, তরকারী, ফলের কুচি ইত্যাদি খেতে দিত। মুরগী রাখার খাচায় তারা আশ্রয় পেয়েছিল। তাদের দেখভাল করতে করতে জোয়ানদের সারা শীতকাল কেটে গেল।

শীত কাটার পর নীচের পাহাড়ের বরফ গলে গেল। বরফ সরে যাওয়ায় সবুজ ঝোপঝাড় বেরিয়ে পড়লো। ন্যাড়া গাছে আবার পাতা ও ফুলের কুঁড়ি গজিয়ে উঠল। আর একদিন জোয়ানরা তাঁবুতে ফিরে দেখল হাঁস দুটি তাদের দেশের দিকে উড়ে চলে গেছে।

১৩.১ লীলা মজুমদারের জন্ম কোন শহরে?

উঃ লীলা মজুমদারের জন্ম কলকাতা শহরে।

১৩.২ তাঁর শৈশব কোথায় কেটেছে?

উঃ তাঁর শৈশব শিলং পাহাড়ে কেটেছে।

১৩.৩ ছোটোদের জন্য লেখা তাঁর দুটি বইয়ের নাম লেখ?

উঃ ছোটোদের জন্য লেখা তাঁর দুটি বই হল 'গল্লসল্ল' ও 'বদ্যনাথের বড়ি'।